দৈনিক ইনকিলাব

26 JUN 2003

পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

# প্রেসিডেন্টের সঙ্গে শিক্ষক প্রতিনিধিদলের সাক্ষাৎ

বাসস : অধ্যাপক এম শরীফুল ইসলামের নেতৃত্বে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিএপি) এবং বাংলাদেশের কলেজ শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল গতকাল (বুধবার) বঙ্গভবনে প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদল দেশের একজন বিশিষ্ট ৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ

৮-এর পৃষ্ঠার পর

শিক্ষাবিদ হিসেবে রাষ্ট্রপ্রধানের দায়িত্ব গ্রহণকে শিক্ষক সমাজের অত্যন্ত গর্বের বিষয় বলে অভিহিত করেন।

তারা প্রেসিডেন্টকে অভিনন্দন জানিয়ে বলেন, এ ধরনের নির্বাচনের মধ্যদিয়ে শিক্ষা ও শিক্ষক সমাজের প্রতি সরকারের সর্বোচ্চ সম্মানের প্রতিফলন ঘটেছে।

২০০৩ সালকে প্রধানমন্ত্রীর সুশিক্ষা বছর ঘোষণা করার সরকারী সিদ্ধান্তের উল্লেখ করে তারা বলেন, শিক্ষক সমাজ সরকারের এ ধরনের মহান উদ্যোগ সফল করতে সর্বাত্মক ভূমিকা রাখতে অঙ্গীকারবদ্ধ। তারা জাতীয় পর্যায়ে শিক্ষকদের মর্যাদা সমুন্নত রাখার লক্ষ্যে কয়েকটি প্রস্তাব পেশ করেন।

প্রেসিডেন্ট শিক্ষক প্রতিনিধিদের বক্তব্য মনোযোগ দিয়ে শুনেন। তিনি সকল পাবলিক পরীক্ষা পুরোপুরি নকলমুক্ত করা এবং সকল সীমাবদ্ধতা কাটিয়ে উঠে সুশিক্ষা প্রদানের মাধ্যমে জাতি গঠনে আদর্শ ভূমিকা পালন করতে শিক্ষকদের প্রতি আহবান জানান।

বিএনপি সাধারণ সম্পাদক প্রিন্সিপাল মোহাম্মদ আজহারুল হান্নান, প্রিন্সিপাল আবুল কাশেম, প্রিন্সিপাল রহিমা খন্দকার, প্রিন্সিপাল ইসহাক হোসেন, অধ্যাপিকা সালেহা আখতার লিপি এবং অধ্যাপিকা দিলারা ইয়াসমিন রানী অন্যান্যের মধ্যে এ সময় উপস্থিত ছিলেন।